

□ পাঠ্যক্রমের বিকাশ Development of Curriculum :

যদিও এই চারটি উদ্দেশ্য অত্যন্ত ব্যাপক এবং দীর্ঘদিন ধরে অপরিবর্তনীয়, তবুও ইহা স্থির নয় সমাজ এবং অর্থনীতির পরিবর্তনের সাথে সাথে শিক্ষার্থীদের চাহিদা এবং দাবির সাথে সামঞ্জস্য রেখেই পাঠ্যক্রম এখানে পরিবর্তিত হয়।

যুক্তরাজ্যের পাঠ্যক্রমে কিছু বিষয় আছে যেগুলি আবশ্যিক। এগুলিকে মূল বিষয় বা ভিত্তি বিষয় বলা হয়। এবং কিছু বিষয় আছে যেগুলি শিক্ষার্থী নিজের পছন্দ মতো গ্রহণ করতে পারে। এগুলিকে অতিরিক্ত বিষয় হিসাবে গণ্য করা হয়। 2002 সালের শিক্ষানীতিতে জাতীয় পাঠ্যক্রমের অন্তর্ভুক্তিকরণ হিসাবে মূল বিষয়গুলির একটি তালিকা नीচে দেওয়া হল। এছাড়া অতিরিক্ত বিষয় হিসাবে সমাজশিক্ষা, স্বাস্থ্যশিক্ষা, ধর্মশিক্ষা ইত্যাদি বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

□ প্রাথমিক শিক্ষার পাঠ্যক্রম (The Primary Curriculum)

প্রাথমিক স্তরে জাতীয় পাঠ্যক্রম অত্যন্ত ব্যাপক এবং ভারসাম্যবাহু। ইংরেজি, গণিত, ইতিহাস, তথ্য এবং দুই অর্থাৎ 5 বছর বয়স থেকে 11 বছর বয়স পর্যন্ত সময়কে প্রাপ্ত শিক্ষার কাল হিসাবে ধরা হয়। এই স্তরের পাঠ্যক্রমে সংগতিপূর্ণ শিক্ষণ এবং শিখন ব্যবস্থা ইহা শিক্ষার্থীর চাহিদা কেন্দ্রিকও বটে।

প্রাথমিক শিক্ষার পাঠ্যক্রমে লেখা, পড়া এবং বলার ভাষা হিসাবে মাতৃভাষার গুরুত্ব দেওয়া হয়েছে। এই স্তরের পাঠ্যক্রমে নীচের বিষয়বস্তুগুলিকে মূল বিষয় হিসাবে গণ্য করা হয়েছে।

(a) প্রথম স্তরের পাঠ্যক্রম (The key stage 1 curriculum)

প্রথম স্তরে আবশ্যিক বিষয়গুলি হল চিত্রকলা, নকশাপ্রযুক্তি, ইংরেজি, ভূগোল, ইতিহাস, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি, গণিত, যন্ত্রসজ্জীত, বিজ্ঞান এবং শারীরশিক্ষা। এছাড়া সহায়ক পাঠ হিসাবে এই স্তরে ধর্মশিক্ষা, সমাজশিক্ষা, স্বাস্থ্যশিক্ষা এবং নাগরিকতার শিক্ষার পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে।

(b) দ্বিতীয় স্তরের পাঠ্যক্রম (The key stage 2 curriculum)

প্রথম স্তরের সঙ্গে দ্বিতীয় স্তরের বিষয়ের কোনো তফাৎ নেই। এখানেও আবশ্যিক বিষয় হিসাবে চিত্রকলা, নকশা প্রযুক্তি, ইংরেজি, ভূগোল, ইতিহাস, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি, গণিত, যন্ত্রসজ্জীত, বিজ্ঞান এবং শারীরশিক্ষা অন্তর্ভুক্ত আছে। একইরকমভাবে সহায়ক পাঠ হিসাবে ধর্মশিক্ষা, সমাজশিক্ষা, স্বাস্থ্যশিক্ষা এবং নাগরিকতার শিক্ষাকে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে পাঠ্যক্রমে বিষয়গুলির গুণগত মানের কাঠিন্যত যে বৃদ্ধি পাবে তা বলাই বাহুল্য।

□ মাধ্যমিকস্তরে পাঠ্যক্রম (The Secondary Curriculum) :

যুক্তরাজ্যে তৃতীয় এবং চতুর্থ ভিত্তি স্তর নিয়ে মাধ্যমিক শিক্ষাক্রম গঠিত। এই স্তরে শিক্ষার্থীদের জাতীয় পাঠ্যক্রমে প্রচুর বৈচিত্র্য ও জীবনকেন্দ্রিকতা লক্ষ্য করা যায়। এই স্তরের মূল ও সহায়ক বিষয়গুলি হল নিম্নরূপ।

(a) তৃতীয় স্তরের পাঠ্যক্রম (The key stage 3 curriculum) :

তৃতীয় স্তরের জাতীয় পাঠ্যক্রমে আবশ্যিক বিষয় হিসাবে ইংরেজি, ভূগোল, ইতিহাস, নকশা ও প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, গণিত, বিজ্ঞান, শারীরশিক্ষা, যন্ত্রসজ্জীত ইত্যাদির পাশাপাশি আধুনিক বিদেশি ভাষা, ধর্মশিক্ষা, নাগরিকতার শিক্ষা এবং যৌনশিক্ষারও স্থান পেয়েছে।

(b) চতুর্থ স্তরের পাঠ্যক্রম (The key stage 4 curriculum) :

চতুর্থ স্তরের পাঠ্যক্রমে যৌনশিক্ষা, কর্মশিক্ষা, গণিত, বিজ্ঞান, ইংরাজি, শারীরশিক্ষা ইত্যাদি আবশ্যিক করা হয়েছে। এছাড়া তথ্য প্রযুক্তি, বিদেশি ভাষা, নকশা প্রযুক্তি, যন্ত্রসজ্জিত প্রভৃতি বিষয়গুলিকে সহায়ক পাঠ হিসাবে গণ্য করা হয়।